

এইচএসসি পরীক্ষা চলাকালেও শিক্ষাপ্রতিষ্ঠানে চলবে ক্লাস

নিজস্ব বার্তা পরিবেশক

: মঙ্গলবার, ১১ জুন ২০২৪



আগামী ৩০ জুন শুরু হতে যাচ্ছে ২০২৪ সালের এইচএসসি ও সমমান পরীক্ষা। এবার পরীক্ষা চলাকালে শিক্ষা প্রতিষ্ঠানে চলবে নিয়মিত ক্লাস। যা পূর্বে পরীক্ষাকেন্দ্র হিসেবে ব্যবহৃত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকতো।

আজ মঙ্গলবার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মো: আবুল বাশার স্বাক্ষরিত এক চিঠিতে চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তাদের এ নির্দেশনা দেওয়া হয়।

চিঠিতে উল্লেখ করা হয়, আগামী ৩০ জুন এইচএসসি পরীক্ষা-২০২৪ শুরু হতে যাচ্ছে। যেসব কেন্দ্রে স্কুল ও কলেজ একসাথে রয়েছে, সেসব প্রতিষ্ঠানে ষষ্ঠ থেকে দশম শ্রেণির শ্রেণি কার্যক্রম পরীক্ষার দিনগুলোতে পরীক্ষা শেষে এবং যেদিন পরীক্ষা নেই, সেদিন চলমান রাখার জন্য অনুরোধ জানিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড।

চিঠিতে জানানো হয়, শ্রেণি কার্যক্রম চলমান রাখতে গিয়ে পাবলিক পরীক্ষায় বিঘ্ন সৃষ্টি যাতে না হয়, সে বিষয়ে সতর্ক থাকার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

এ চিঠির আলোকে দেশের অন্য শিক্ষা বোর্ডগুলোও তাদের অধীনস্থ শিক্ষাপ্রতিষ্ঠানগুলোয় একই নির্দেশনা দেবে বলে জানিয়েছে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি সংশ্লিষ্টরা।

উল্লেখ্য, চলতি বছরের ৩০ জুন থেকে এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হচ্ছে। মোট ১১টি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি ও সমমান পরীক্ষায় ১৪ লাখ ৫০ হাজার ৭৯০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। এবার মোট প্রতিষ্ঠান ৯ হাজার ৪৬৩ টি এবং কেন্দ্র রয়েছে ২ হাজার ৭২৫ টি।